অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/25/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

কোভিড-19 মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত হওয়া ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য $800 মিলিয়ন ডলারের পুনরুদ্ধার তহবিল কর্মসূচির জন্য যোগ্যতা সম্প্রসারণের বিষয়ে গভর্নর হোচুলের ঘোষণা

সর্বোচ্চ $2.5 মিলিয়ন ডলার রাজস্ব উপার্জন করে এবং কোভিড-19 এর কারণে অর্থনৈতিক দিক থেকে দুঃসময়ের সম্মুখীন হতে হয়েছে এমন ক্ষুদ্র ব্যবসায়ীদের সর্বোচ্চ $50,000 ডলার তহবিল প্রাপ্তির বিষয়ে আবেদন করতে উৎসাহ দেয়া হচ্ছে

গভর্নর ক্যাথি হোচুল আজ নিউ ইয়র্ক স্টেটের কোভিড-19 (COVID-19) মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য $800 মিলিয়ন ডলারের পুনরুদ্ধার তহবিল কর্মসূচিতে পরিবর্তন আনার ঘোষণা দিয়েছেন যা আরো বেশি ক্ষুদ্র ব্যবসায়ীকে তহবিলের জন্য আবেদনের সুযোগ করে দিবে। আজ থেকে শুরু করে $2.5 মিলিয়ন ডলার পর্যন্ত রাজস্ব উপার্জনকারী ব্যবসা প্রতিষ্ঠানগুলো তহবিলের জন্য আবেদন করতে পারবে, যা রাজস্বের জন্য পূর্বনির্ধারিত $500,000 ডলারের সীমার চেয়ে বেশি। সেইসাথে, ফেডারেল পে-চেক সুরক্ষা কর্মসূচি (Federal Paycheck Protection Program) থেকে ঋণপ্রাপ্ত ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য সীমা $100,000 ডলার থেকে বাড়িয়ে $250,000 ডলার করা হয়েছে।

"মহামারীর কারণে স্টেটজুড়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা দেয়া আমার প্রশাসনের একটি শীর্ষ অগ্রাধিকার," **বলেছেন গভর্নর হোচুল**। "ক্ষুদ্র ব্যবসায়ীদের কমিউনিটি টিকে থাকার জন্য সংগ্রাম করতে থাকলে আমরা সম্পূর্ণভাবে অর্থনৈতিক পুনরুদ্ধার অর্জন করতে পারবো না। মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ব্যবসায়ীদের পুনরুদ্ধার তহবিল কর্মসূচি এখন আরো বেশি ব্যবসা প্রতিষ্ঠানের জন্য উন্মুক্ত হওয়ায় আমি উপযুক্ত সকল ব্যবসা প্রতিষ্ঠানের মালিকদের আবেদন জমা দেয়ার জন্য জোরালো আহবান জানাবো যাতে তারা এই তহবিলের অ্যাক্সেস পেতে পারেন।"

জুন মাসে শুরু হওয়া এই কর্মসূচি শুরুর দিকে ফেডারেল ব্যবসা পুনরুদ্ধার উদ্যোগ থেকে ব্যাপকভাবে বাদ পড়ে যাওয়া নিউ ইয়র্ক স্টেটব্যাপী ক্ষুদ্র ও মাইক্রো-ব্যবসাগুলোর দিকে নজর দিয়েছিল। এই কর্মসূচির সামনের সারিতে থাকার জন্য এই ব্যবসা প্রতিষ্ঠানগুলোর প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা - যেমন আবেদন প্রক্রিয়ার সময় নির্দেশনা এবং ভাষাগত প্রতিবন্ধকতা কাটাতে সহায়তা - প্রাপ্তি নিশ্চিত করতে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এবং এর অংশীদাররা কঠোর পরিশ্রম করেছে। আজ পর্যন্ত স্টেটের দশটি অঞ্চলের সবগুলোতে 2,380টিরও বেশি ক্ষুদ্র ও মাইক্রো-ব্যবসা প্রতিষ্ঠানকে $48 মিলিয়ন ডলারের বেশি অর্থ প্রদান করা

হয়েছে। আজ ঘোষণা করা পরিবর্তনগুলো এই কর্মসূচির মাধ্যমে আরো বেশি ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানের অপেক্ষাকৃত দ্রুত তহবিল প্রাপ্তি নিশ্চিত করবে।

ESD এবং এই কর্মসূচির প্রশাসনিক দায়িত্ব পালনের জন্য নির্বাচিত হওয়া সংখ্যালঘু নেতৃত্বের দ্বারা পরিচালিত কমিউনিটি উন্নয়নের আর্থিক প্রতিষ্ঠান, লেনডিস্ট্রি (Lendistry) আবেদন গ্রহণ ও পর্যালোচনা করা অব্যাহত রাখবে। সকল বর্তমান আবেদনকারীকে - যারা তাদের আবেদন সমাপ্ত করেননি, কাগজপত্র আপলোড করেননি অথবা যাদের সম্পূর্ণ কাগজপত্র নেই - যথাশীঘ্র সম্ভব তাদের আবেদন চূড়ান্ত করতে উৎসাহিত করা হচ্ছে। আগে যোগ্যতা ছিল না এমন ক্ষুদ্র ব্যবসাগুলো আজ থেকে আবেদন শুরু করতে পারবে, এবং এসব আবেদন প্রক্রিয়াকরণের কাজ বুধবার, ৪ সেপ্টেম্বর থেকে শুরু হবে। কর্মসূচির নির্দেশনা ও তহবিলের আবেদন সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের চিফ অপারেটিং অফিসার এবং এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন, "করোনা ভাইরাস মহামারী স্টেটের ক্ষুদ্র ব্যবসা কমিউনিটির জন্য একটি নজিরবিহীন চ্যালেঞ্জ ছিল। মাইক্রো ব্যবসাগুলো যেন সবার আগে সহায়তা পায় তা নিশ্চিত করতে কঠোরভাবে কাজ করা, আরো বেশি ক্ষুদ্র ব্যবসাকে পুনরুদ্ধার তহবিল পাওয়ার সুযোগ দেয়া নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির সম্ভাব্য সবচেয়ে বেশি বিস্তৃত পুনরুদ্ধার নিশ্চিত করবে।"

বাণিজ্য, অর্থনৈতিক উন্নয়ন, এবং ক্ষুদ্র ব্যবসা বিষয়ক কমিটির সভাপতি, সিনেটর অ্যানা এম. কাপলান বলেন, "আমি নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসাগুলোর কাছে মহামারী থেকে পুনরুদ্ধারের তহবিল থেকে $800 মিলিয়ন ডলার অর্থ পৌঁছে দিতে লড়াই করেছি, কিন্তু আমরা এই তহবিলের মাধ্যমে যেসব ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সাহায্য করতে চেয়েছিলাম তাদের সবার কাছে পৌঁছানোর তুলনায় এই কর্মসূচি এখন পর্যন্ত অনেক বেশি সীমিত রয়ে গেছে। নিদারুণভাবে প্রয়োজন রয়েছে এমন ক্ষুদ্র ব্যবসাগুলোর কাছে আমরা যাতে এই অর্থ পৌঁছে দিতে পারি সেজন্য গভর্নর হোচুল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এই অতি গুরুত্বপূর্ণ কর্মসূচিটির জন্য উপযুক্ততা সম্প্রসারণ করায় আমি রোমাঞ্চিত হয়েছি। আমি প্রত্যেক ক্ষুদ্র ব্যবসার মালিকদের আজই এই কর্মসূচি সম্পর্কে জানতে এবং তারা এটির জন্য যোগ্য কিনা তা দেখতে nysmallbusinessrecovery.com ওয়েবসাইটে যাওয়ার অনুরোধ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির অর্থনৈতিক উন্নয়ন কমিটির (Assembly Economic Development Committee) সভাপতি, অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন, "আমি জানি যে ব্যবসা প্রতিষ্ঠানগুলোর পুরোদমে কার্যক্রম শুরু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার এই সময়ে স্টেটের কাছ থেকে সহায়তা পাওয়াটা তাদের সফল হওয়ার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ক্ষুদ্র ব্যবসার একজন মালিক হিসেবে, মালিক ও কর্মচারীদের যেসব সংগ্রামের সম্মুখীন হতে হয় সে সম্পর্কে আমার প্রত্যক্ষ ধারণা রয়েছে। এই কর্মসূচি সম্প্রসারণের জন্য এর চেয়ে বেশি উপযুক্ত সময় আর হতে পারে না, কারণ মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত হওয়া লোকজনের জন্য বেকারত্ব ভাতার সুবিধার শীঘ্রই সমাপ্তি ঘটতে যাচ্ছে। আমি জানি যে আমাদের পরিবারগুলোর জন্য আরো শক্তিশালী ভবিষ্যত নির্মাণের বিষয়টি ভালো বেতনের কর্মসংস্থানের সুযোগ সহ শক্তিশালী ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলার উপর নির্ভরশীল এবং এই কর্মসূচি ঠিক সেই কাজেই সাহায্য করবে।"

অ্যাসেম্বলির ক্ষুদ্র ব্যবসা বিষয়ক কমিটির (Assembly Small Business Committee) সভাপতি, অ্যাসেম্বলি সদস্য আল স্ট্রাইপ বলেন, "ক্ষুদ্র ব্যবসায়ীদের পুনরুদ্ধার তহবিল কর্মসূচির জন্য উপযুক্ততা সম্প্রসারণ করা হলো আরো বেশি ব্যবসা প্রতিষ্ঠানের কাছে অপরিহার্য আর্থিক সহায়তা পৌঁছে দেয়া এবং অর্থনৈতিক পুনরুদ্ধার অব্যাহত রাখার জন্য এটি একটি সাধারণভাবে বিবেচ্য পদক্ষেপ, এবং আমি আনন্দিত যে অবশেষে এটি ঘটেছে। এই $800 মিলিয়ন ডলারের কর্মসূচির মধ্যে এখন পর্যন্ত মাত্র $48 মিলিয়ন ডলার বিতরণ করা হয়েছে - যার অর্থ হলো মহামারীর সময় টিকে থাকতে হিমশিম খাওয়া ক্ষুদ্র ব্যবসাগুলোর জন্য তহবিল লভ্য রয়েছে। আবেদন করার প্রয়োজন রয়েছে এমন সব ব্যবসা প্রতিষ্ঠানকে আমি আবেদন করতে উৎসাহিত করছি ও এই তহবিল যত দ্রুত সম্ভব বরাদ্দের জন্য আমি গভর্নর হোচুলের সাথে কাজ করবো।"

ন্যূনতম $5,000 ডলার এবং সর্বোচ্চ $50,000 ডলার অর্থ বরাদ্দের বিষয়টি 2019 সালে নিউ ইয়র্ক স্টেটের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর বার্ষিক গ্রস উপার্জনের উপর ভিত্তি করে হিসাব করা হয়। কোভিড-19 এর সাথে সম্পর্কিত ব্যয় ফেরতযোগ্য খরচগুলো অবশ্যই 1 মার্চ, 2020 থেকে 1 এপ্রিল, 2021 এর মধ্যবর্তী সময়ে ঘটে থাকতে হবে এবং পে-রোলের খরচ; নিউ ইয়র্ক স্টেট-ভিত্তিক সম্পত্তির বাণিজ্যিক ভাড়া বা মর্টগেজের পেমেন্ট; স্থানীয় সম্পত্তি বা স্কুলের করের পেমেন্ট; বিমা ও ইউটিলিটির খরচ; শ্রমিক ও ভোক্তাদের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষার জন্য প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের খরচ; হিটিং, ভেন্টিলেশন ও এয়ার কন্ডিশনিং, অথবা অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামের খরচ; কোভিড-19 এর সাথে সম্পর্কিত স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত প্রটোকল মেনে চলার জন্য প্রয়োজনীয় সরবরাহ ও উপাদান, ইত্যাদি এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে।

ESD একটি ওয়েবসাইট তৈরি করেছে এবং রক্ষণাবেক্ষণ করছে - NYSBusinessRecovery.ny.gov - যেটিতে মহামারীর কারণে ত্রাণ চাওয়া ক্ষুদ্র ব্যবসাগুলোকে সহায়তা করার জন্য লভ্য বিভিন্ন সংস্থানের ওপর আলোকপাত করা হয়েছে। আরো বিস্তারিত ও তহবিল সম্পর্কিত তথ্য পাওয়ার সাথে সাথে ওয়েবসাইটটি প্রতিনিয়ত আপডেট করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন